গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

## সরকারি মাধ্যমিক স্তরে শিক্ষক/কর্মকর্তা বদলি নীতিমালা-২০২৪

শিক্ষার মাধ্যমিক স্তরে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণ ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে সরকারি শিক্ষক/কর্মকর্তাদের বদলি নীতিমালা না থাকায় এবং বদলি/পদায়নের ক্ষেত্রে বিদ্যমান পরিপত্র/অফিস আদেশ যুগোপযোগী করার উদ্দেশ্যে এই নীতিমালা প্রণয়ন করা হইল।

**২। নীতিমালার আওতা:**

(ক) শিক্ষার মাধ্যমিক স্তরের সরকারি শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়নের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হইবে;
(খ) সরকার জনস্বার্থে যে কোনো সময় যে কোনো শিক্ষক/কর্মকর্তাকে বদলি/পদায়ন করিতে পারিবে।

**৩। সংজ্ঞা:**

ক) **শিক্ষক** বলিতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষক/ সহকারী শিক্ষিকা, সিনিয়র শিক্ষক/ সিনিয়র শিক্ষিকা, সহকারী প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষিকা, প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা বুঝাইবে;
খ) **কর্মকর্তা** বলিতে শিক্ষার সরকারি মাধ্যমিক স্তরে কর্মরত উপপরিচালক, সহকারী পরিচালক, জেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিদ্যালয় পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শিকা, সহকারী বিদ্যালয় পরিদর্শক/ সহকারী বিদ্যালয় পরিদর্শিকা বুঝাইবে;
গ) **পদায়ন** বলিতে এই নীতিমালার আওতায় উপানুচ্ছেদ ৩(ক) ও ৩(খ) তে বর্ণিত কোনো শিক্ষক/ কর্মকর্তাকে বদলিপূর্বক পদায়ন বুঝাইবে;
ঘ) **কর্তৃপক্ষ** বলিতে এই নীতিমালার অধীন বদলির ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষকে বুঝাইবে;
ঙ) **সরকার** বলিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বুঝাইবে।
চ) **অঞ্চল** বলিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ০৯ (নয়) টি শিক্ষা অঞ্চলকে বুঝাইবে;
ছ) **বদলি** বলিতে কোনো শিক্ষক/কর্মকর্তাকে একই পদে, একই বেতন স্কেলে, একই বিষয়/ শ্রেণির অন্য কোনো কর্মস্থলে পদায়ন করাকে বুঝাইবে।

**৪। বদলির সময়কাল:**

(ক) প্রতি শিক্ষাবর্ষে শুধুমাত্র এপ্রিল ও অক্টোবর মাসে আগ্রহী শিক্ষক/ কর্মকর্তাগণ বদলির আবেদন করিতে পারিবেন। এই সময়-সীমা ব্যতীত অন্য কোনো সময়ে বদলির জন্য আবেদন করা যাইবে না। তবে, অনিবার্য/বিশেষ পরিস্থিতিতে শুধুমাত্র উর্দ্ধতন কর্তৃপক্ষ-এর নির্দেশক্রমে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বিশেষ ও অনিবার্য পরিস্থিতির বদলির আবেদন নিষ্পত্তি করিবেন।

(খ) প্রতি এপ্রিল ও অক্টোবর মাসে শিক্ষক/কর্মকর্তাগণ যুক্তিযুক্ত কারণে যথাযথ কর্তৃপক্ষের নিকট নিম্নলিখিত শর্তে সরাসরি (অনলাইনে) আবেদন করিতে পারিবেন। এই ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের আবশ্যকতা নাই।

**আবেদনের শর্তসমূহ:**

১) বর্তমান কর্মস্থলে চাকরিকাল ০৩ (তিন) বছর পূর্ণ হইতে হইবে;
২) বদলির জন্য উপযুক্ত কারণ থাকিতে হইবে;

**৫। আবেদন বিবেচনায় অনুসরণীয় বিষয়:**

নিম্নোক্ত বিষয়গুলো আবেদন বিবেচনাকালে অনুসরণ করা হবেঃ

১) অর্গানোগ্রাম অনুযায়ী বিষয় ভিত্তিক সহকারী শিক্ষকের শূন্যপদের বিপরীতে অন্য বিষয়ের শিক্ষক বদলি/পদায়ন করা যাইবে না।

২) অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত সময় এবং শর্তের বাইরে কাউকে বদলি করা যাইবে না। তবে শর্ত থাকে যে, সরকার উপযুক্ত মনে করিলে যে কোনো শিক্ষক/ কর্মকর্তাকে যে কোনো সময় কোনো রকম শর্ত ব্যতিরেকে বদলি/পদায়ন করিতে পারিবে।

৩) বদলির ক্ষেত্রে আবেদনকারীর নিজ জেলা/পার্শ্ববর্তী জেলায় পদায়নের বিষয়ে গুরুত্ব প্রদান করিতে হইবে;

৪) স্বামী/স্ত্রী উভয়ই সরকারি কর্মচারী হইলে স্বামী/স্ত্রীর কর্মস্থলে অথবা নিকটবর্তী কর্মস্থলে বদলি/পদায়ন অগ্রাধিকার পাইবে;

৫) অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোনো শিক্ষক/কর্মচারী অবসরভাতা গ্রহণের সুবিধার্থে কোনো সুবিধাজনক কর্মস্থলে বদলির আবেদন করিলে তাহার আবেদন সর্বোর্চ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করিতে হইবে। এ ধরণের বদলির ক্ষেত্রে অনুচ্ছদ (৪) এর সময়সীমা প্রযোজ্য হইবে না।

৬) মহানগরী ও জেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়/স্কুল এন্ড কলেজে কর্মরত কোনো শিক্ষকের কর্মকাল একই প্রতিষ্ঠানে একাধারে ০৪ (চার) বছরের অধিক হইলে তাহাকে তাহার নিজ জেলায় অথবা কর্মস্থলের পাশ্ববর্তী জেলায় বদলি করা যাইবে। তবে, তাহার বিরুদ্ধে বিদ্যালয়ে বিশৃঙ্খল পরিবেশ তৈরী অথবা অন্য কোনোরূপ অভিযোগ উত্থাপিত হইলে অভিযোগ প্রমানিত হওয়া সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা (প্রয়োজনে ফৌজদারী ব্যবস্থা গ্রহণ) গ্রহনসহ তাহাকে অন্যত্র বদলি/পদায়ন করিতে পারিবে;

৭) সমতলের কোনো শিক্ষক/কর্মকর্তাকে পাবর্ত্য অঞ্চল (রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি) এবং দুর্গম, চর ও হাওড় অঞ্চলে বদলি করা হইলে বদলিকৃত কর্মস্থলে এক বছর চাকরির পর তিনি পুনরায় বদলির জন্য আবেদন করিতে পারিবেন। এ ক্ষেত্রে তাহার আবেদন গুরুত্বের সঙ্গে বিবেচনা করিতে হইবে।

৮) কর্তৃপক্ষ অনুচ্ছেদ ৪ এ বর্ণিত সময় সীমার মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনাপূর্বক তাহা নিষ্পত্তি করিবেন।

**৬। বদলি/পদায়নকারী কর্তৃপক্ষ:**

| ক্রমিক নং | বদলি/পদায়নযোগ্য পদের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | উপপরিচালক, আঞ্চলিক শিক্ষা দপ্তর | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০২ | অধ্যক্ষ, সরকারি স্কুল এন্ড কলেজ | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০৩ | সহকারী পরিচালক, আঞ্চলিক শিক্ষা দপ্তর | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০৪ | বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০৫ | জেলা শিক্ষা অফিসার | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৬ | সহকারী বিদ্যালয় পরিদর্শক/সহকারী বিদ্যালয় পরিদর্শিকা | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৭ | সহকারী জেলা শিক্ষা অফিসার | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৯ | সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (আন্ত:অঞ্চল) | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ১০ | সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (একই অঞ্চল) | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট অঞ্চল |
| ১১ | প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ১২ | সহকারী প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষিকা | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ১৩ | সিনিয়র শিক্ষক (আন্ত:অঞ্চল) | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ১৪ | সিনিয়র শিক্ষক (একই অঞ্চল) | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট অঞ্চল |
| ১৫ | সহকারী শিক্ষক/শিক্ষিকা (আন্ত: অঞ্চল) | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ১৬ | সহকারী শিক্ষক/শিক্ষিকা (একই অঞ্চল) | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট অঞ্চল |

**৭। প্রেষণে নিয়োগ/ ভারপ্রাপ্ত দায়িত্ব/ চলতি দায়িত্ব / অতিরিক্ত দায়িত্ব/ সংযুক্ত /সমবেতন গ্রেডে পদায়ন সংক্রান্ত:**

কোনো শিক্ষক/ কর্মকর্তাকে বিশেষ কোনো কারণে প্রেষণে নিয়োগ ও পদায়নের প্রয়োজন হইলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করিবে। এইক্ষেত্রে মন্ত্রণালয় প্রস্তাব বিবেচনাপূর্বক যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

**৮।** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এই নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও অস্পষ্টতা দূর করবে।

**৯। হেফাজত ও রহিতকরণ** : এই নীতিমালা জারি হইবার তারিখ হইতে ইহা কার্যকর বলিয়া গণ্য হইবে। এই নীতিমালা জারি হইবার পর ইতোপূর্বে জারিকৃত এই সংক্রান্ত যাবতীয় পরিপত্র/অফিস আদেশ/নীতিমালা রহিত হইবে।

**১০।** এই নীতিমালা পরিপন্থী কোনো কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর আওতায় অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত/-
৩১.০৭.২০২৪
(সোলেমান খান)
সচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২০.৫৯৬.১৮-৩২৫

তারিখ : ১৬ শ্রাবণ, ১৪৩১ / ৩১ জুলাই, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:)
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭। যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৮। পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১২। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
১৩। জেলা শিক্ষা অফিসার--------------------------------------------------------------------------------(সকল)
১৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা---------------------------------------------------------------(সকল)
১৫। উপজেলা শিক্ষা অফিসার----------------------------------------------------------------------------(সকল)
১৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৭। অফিস নথি।

৩১/৭/২৪

**(মোসাম্মৎ রহিমা আক্তার)**
উপসচিব